দর্শনায় বিএনপির ৮ নেতাকর্মী আটক

দর্শনায় পুলিশের অভিযানে বহুল আলোচিত নাসিম সহ বিএনপির ৮ সক্রিয় নেতাকর্মীকে আটক করেছে পুলিশ। গত শুক্রবার রাতে দর্শনা থানাধীন এলাকার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে তাদেরকে আটক করে।

আটককৃত আসামীরা হলেন জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা পৌর এলাকার মেমনগর গ্রামের মৃত আব্দুর রহমানের ছেলে জেলা মৎস্যজীবী দলের যুগ্ন আহব্বায়ক ও দর্শনা পৌর বিএনপির সমন্বয় কমিটির সদস্য এবং দর্শনা সরকারী কলেজ ছাত্রদলের সাবেক ক্রীয়া সম্পাদক লুৎফর রহমান (৫১), দর্শনা মোবারকপাড়ার নজির আহম্মেদের ছেলে বিএনপির সক্রিয় সদস্য এবং তথ্য সরবরাহকারী নাসিম আহম্মেদ (৪০), দর্শনা ঈশ্বরচন্দ্রপুর গ্রামের মৃত আকবর আলীর ছেলে বিএনপির সক্রিয় সদস্য আমজাদ হোসেন (৫০), দর্শনা পুরাতন বাজারের মৃত তাঁরা চাঁদ মন্ডলের ছেলে পৌর যুবদলের আহব্বায়ক কমিটির সদস্য ইস্রাফিল হোসেন (৪৬), বলদিয়া গ্রামের মৃত সৈয়দ আলীর ছেলে বিএনপির সক্রিয় সদস্য আব্দুল মোতালেব (৪৮), চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন বেগমপুর ইউনিয়নের কুন্দিপুর গ্রামের মৃত আবু বক্কর সিদ্দিকের ছেলে ৫নং বেগমপুর ইউনিয়ন বিএনপির ৩নং ওয়ার্ডের সেক্রেটারী ইস্রাফিল (৫৯), একই গ্রামের গোলাম মোস্তফার ছেলে বিএনপির সক্রিয় সদস্য মোজাম্মেল হোসেন (৩৫), হিজলগাড়ি গ্রামের হাজী মীর লিয়াকত আলীর ছেলে বিএনপির সক্রিয় সদস্য মানিক মিয়াকে
(৪২) দর্শনা থানা পুলিশ তাদের নিজ,নিজ বাড়ি থেকে গ্রেফতার করেন। তাদের বিরুদ্ধে থানার ১৫(৩)/২৫ডি বিশেষ ক্ষমতা আইন, ১৯৭৪; তৎসহ ৪/৬ বিস্ফোরক পদার্থ আইন ১৯০৮ ধারার সন্ধিগ্ধ আসামী হিসাবে গ্রেফতার করা হয়। যার মামলা নং-২৫।

দর্শনার গ্রীসনগরে বিয়ের গীত

[redacted]

[redacted]

[redacted]

[

আলমডাঙ্গা বাড়াদি ইউনিয়নে সামসুল আবেদিন খোকনের গণসংযোগ ও পথসভা

আলমডাঙ্গার বাড়াদি ইউনিয়নের বিভিন্ন গ্রামে জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান কেন্দ্রীয় যুবলীগের সাবেক প্রেসিডিয়াম সদস্য চুয়াডাঙ্গা-১ আসনে নৌকার মনোনয়ন প্রত্যাশি শেখ সামসুল আবেদীন খোকন মোটরসাইকেল শো-ডাউনের মাধ্যমে গণসংযোগ ও পথসভা করেছেন।

গতকাল শনিবার বিকেল ৪ টার দিকে ইউনিয়নের বাড়াদি, এনায়েতপুর, পোলতাডাঙ্গা, আঠারোখাদা ও নতিডাঙ্গায় এ গণসংযোগ ও পথ সভা করেন। এসময় তিনি প্রতিটি বাজারে উপস্থিত সাধারণ মানুষের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন। পাশাপাশি প্রধানমন্ত্রী শেখ হাসিনার নৌকায় ভোট দিয়ে দেশকে এগিয়ে নেবার জন্য ভোট চান।

পোলতাডাঙ্গা বাজারে তিনি এক পথ সভায় বক্তব্যে বলেন, মাননীয় প্রধানমন্ত্রী গত ১৪ বছরে দেশের প্রতিটি গ্রাম-গঞ্জের রাস্তাঘাটের ব্যাপক উন্নতি করেছে। স্কুল কলেজের ভবন নির্মাণ করেছে। কৃষি খাতে ভর্তূকির মাধ্যমে কৃষকের সার বীজের ব্যবস্থা করেছে। পদ্মা সেতু, মেট্রো রেলসহ স্বাস্থ্য খাতে ব্যাপক উন্নয়ন করেছে। এসব দেখে বিএনপি-জামায়াত দেশে নানা চক্রান্ত ও ষড়যন্ত্র শুরু করেছে। এসব ষড়যন্ত্র ও চক্রান্ত দাঁত ভাঙা জবাব নিতে এবং উন্নয়নের ধারা অব্যাহত রাখতে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে নৌকায় ভোট দিয়ে আবারো ক্ষমতায় আনতে হবে।

গণসংযোগ ও পথসভায় উপস্থিত ছিলেন কেন্দ্রীয় যুবলীগের নির্বাহি সদস্য মোস্তাফিজুর রহমান মাসুদ,জেলা কৃষকলীগের যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল্লাহ আল হোসাইন দীপক, সাবেক ছাত্রনেতা ও পৌর কাউন্সিলর আশরাফুল হক, আওয়ামীলীগ নেতা খাইরুল হোসেন, যুবলীগ নেতা স্বপন, মাসুম বিল্লাহ, উপজেলা যুবলীগ নেতা রুবেল হোসেন, এসএম বাসার রিভেন, যুবলীগ নেতা শিপন বিশ্বাস, রনি, রিফাত, চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগ নেতা ইমতিয়াজ নিপ্পন, আলমডাঙ্গা উপজেলা ছাত্রলীগ নেতা শাহরিয়ার তপু, শেখ শাকিল, তামিম, মিয়াদ, পৌর ছাত্রলীগ নেতা সাব্বিরুজ্জামান সাব্বির, তারেক, কলেজ ছাত্রলীগ নেতা আশিক, মাহিন, ইমন, টগর, বান্না, নাইম, হারদী ইউনিয়ন

ছাত্রলীগ নেতারানা, নাফিজ, জনি, হাবিল, তানজিম, লিমন, অনিক, দিলদিল প্রমুখ।

চুয়াডাঙ্গায় এসএসসি পরিক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী ও শিক্ষকদের সংবর্ধনা

চুয়াডাঙ্গায় এসএসসি-২০২৩ এর জিপিএ-৫ প্রাপ্ত ১শ জন কৃর্তী শিক্ষার্থী ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ৪২ জন গুণি শিক্ষককে সংবর্ধনা দেয়া হয়েছে। গতকাল শনিবার সকাল সাড়ে দশটায় ন্যাশনাল চিলড্রেন টাস্কফোর্স (এনসিটিএফ) চুয়াডাঙ্গা জেলা কমিটির আয়োজনে এ সংবর্ধনা অনুষ্ঠান হয়। অনুষ্ঠানে মিডিয়া পার্টনার হিসেবে ছিলো দৈনিক সময়ের সমীকরণ পত্রিকা।

আজ সকাল সাড়ে নয়টা থেকেই চেম্বার অব কর্মাস মিলনায়তনে আসতে শুরু করে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের কৃর্তী শিক্ষার্থীরা। সেই সাথে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সিনিয়র থেকে জুনিয়র ৪২ জন গুণী শিক্ষকের আগমন। একই স্থান যেন মেধাবী আর গুণীদের সমারোহে ভরা। বিশেষ করে কৃর্তী শিক্ষার্থী ও গুণিজন সম্মননা অনুষ্ঠানে অতিথিও যখন চুয়াডাঙ্গার কৃর্তী সন্তান প্রতিষ্ঠিত ব্যবসায়ী, গুণী শিক্ষক ও সমাজের দর্পণ স্বরুপ গণমাধ্যম ব্যক্তিরা তখন অনুষ্ঠান নিসন্দেহে দারুণ হবারই কথা।

এ আয়োজনে অনলাইন গুগল মিটের মাধ্যমে যুক্ত হয়ে অতিথি হিসেবে কৃর্তী শিক্ষার্থীদের উদ্দেশ্যে অনুপ্রেরণামূলক বক্তব্য রাখেন এনআরবি ওয়ার্ল্ডেও প্রেসিডেন্ট ও বাংলাদেশ বিজনেস চেম্বার অব সিঙ্গাপুরের (বিডিচ্যাম) প্রেসিডেন্ট, সাহিদ গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক ও দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার প্রধান পৃষ্ঠপোষক আলহাজ্ব সাহিদুজ্জামান টরিক।

অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন, বাংলাদেশ সাংবাদিক সমিতি চুয়াডাঙ্গা জেলা ইউনিটের সভাপতি ও দৈনিক সময়ের

একদিন তোমাদেরকে সাফল্য এনে দেবে।

বাংলাদেশ সাংবাদিক সমিতি চুয়াডাঙ্গা জেলা ইউনিটের সাধারণ সম্পাদক বিপুল আশরাফ বলেন, আগামীতে তোমরাই দেশের নেতৃত্ব দিবে। সারা দেশের মধ্যে বিশেষ ভাবে চুয়াডাঙ্গাকে প্রতিষ্ঠিত করতে হবে। আধুনিক বিশ্বের সাথে তাল মিলিয়ে নিজেকে প্রতিষ্ঠিত করতে হবে।

অনুষ্ঠানে চুয়াডাঙ্গা জেলার চার উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ১০০ জন কৃর্তী শিক্ষার্থী ও ৪২ জন গুণি শিক্ষককের হাতে সম্মননা স্মারক তুলে দেন অতিথিরা।

চুয়াডাঙ্গায় জেলা বিএনপির পদযাত্রা অনুষ্ঠিত

বিএনপির চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার মুক্তিসহ উন্নত চিকিৎসার দাবিতে চুয়াডাঙ্গায় পদযাত্রা কর্মসূচি পালন করেছে বিএনপি।

আজ শনিবার বেলা ১১টায় চুয়াডাঙ্গা জেলা বিএনপি এই কর্মসূচির আয়োজন করে। চুয়াডাঙ্গা জেলা বিএনপির আহ্বায়ক ও কেন্দ্রীয় কমিটির সহ- কোষাধ্যক্ষ মাহমুদ হাসান খান বাবু এবং জেলা বিএনপির সদস্য সচিব শরীফুজ্জামান শরীফের নেতৃত্বে বেলা ১১টায় জেলা সাহিত্য পরিষদ চত্বর থেকে পদযাত্রা বের হয়।

পদযাত্রাটি শহরের কোর্টমোড় প্রদক্ষিণ করে পুনরায় সাহিত্য পরিষদ চত্বরে গিয়ে শেষ হয়। পরে সেখানে সমাবেশ অনুষ্ঠিত হয়। জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য খন্দকার আব্দুল জব্বার সোনার সভাপতিত্বে প্রধান অতিথি থেকে বক্তব্য দেন জেলা বিএনপির আহ্বায়ক ও কেন্দ্রীয় কমিটির সহ- কোষাধ্যক্ষ মাহমুদ হাসান খান বাবু।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, ‘মিথ্যা ষড়যন্ত্রমূলক মামলায় বর্তমান সরকারের ফর্মায়েশি বিচারে জেল দিয়ে গৃহবন্দী করে রাখা হয়েছে বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়াকে। তিনি খুবই অসুস্থ। কিন্তু তাকে উন্নত চিকিৎসার জন্য বিদেশে পাঠানো হচ্ছে না। বেগম

জিয়াকে মুক্তি দিতে হবে, সুচিকিৎসার ব্যবস্থা করতে হবে। অন্যথায়, বন্দি অবস্থায় বেগম জিয়ার কিছু হলে তার দায় দায়িত্ব হাসিনা সরকারকেই নিতে হবে। আামরা এই সরকারের কাছে খালেদা জিয়ার সুচিকিৎসার দাবি করি না, আমরা বেগম জিয়ার স্থায়ী মুক্তি চাই।’

জেলা বিএনপির সদস্য সচিব শরীফুজ্জামান শরীফের পরিচালনায় এসময় বিশেষ অতিথি ছিলেন, জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য ও দর্শনা থানা বিএনপির সভাপতি বীর মুক্তিযোদ্ধা খাজা আবুল হাসনাত, জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য ও মহিলা দলের সভাপতি রউফ উর নাহার রিনা।

জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য আবু বক্কর সিদ্দিক আবুর উপস্থাপানায় এসময় আরও উপস্থিত ছিলেন জিবনগর উপজেলা বিএনপির সভাপতি আনোয়ার হোসেন খান, চুয়াডাঙ্গা পৌর বিএনপির সভাপতি সিরাজুল ইসলাম মনি, সদর উপজেলা বিএনপির সভাপতি নজরুল ইসলাম নজু, আলমডাঙ্গা পৌর বিএনপির সভাপতি আজিজুর রহমান পিন্টু, আলমডাঙ্গা উপজেলার বিএনপির সাধারণ সম্পাদক আমিনুল হক রোকন, জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য ও কৃষক দলের আহ্বায়ক মোকাররম হোসেন, দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির, সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য মির্জা ফরিদুল ইসলাম শিপলু, জীবনগর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক শাহাজাহান আলী, জিবনগর পৌর বিএনপির সভাপতি শাহাজাহান কবির, চুয়াডাঙ্গা সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক মনিরুজ্জামান লিপটন, জেলা বিএনপির সদস্য ও জিবনগর উপজেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি আবুল কালাম আজাদ, আলমডাঙ্গা পৌর বিএনপির সাধারণ সম্পাদক জিল্লুর রহমান ওল্টু, চুয়াডাঙ্গা পৌর বিএনপির সাধারণ সম্পাদক মাহামুদুর রহমান পল্টু, জিবনগর পৌর বিএনপির সাধারণ সম্পাদক শামসুজ্জামান ডাবলু, দর্শনা পৌর বিএনপির সমন্বয়ক কমিটির সদস্য মুকুল শাহ, সমন্বয় কমিটির সদস্য মশিউর রহমান মশিউর, জেলা সেচ্ছাসেবক দলের আহ্বায়ক মো শফিকুল ইসলাম পিটু, জেলা শ্রমিক দলের তরফদার সাবু, জেলা যুবদলের সাধারণ সম্পাদক সাইফুর রশিদ ঝন্টু, সাংগঠনিক সম্পাদক জাহেদ মোহাম্মদ রাজিব খান, জেলা মহিলা দলের সাধারণ সম্পাদক জাহানারা পারভিন, জেলা জাসাস এর সাধারণ সম্পাদক সেলিমুল হাবিব সেলিম, জেলা মৎসজীবী দলের যুগ্ম আহ্বায়ক কামরুজ্জামান বাবলু, জেলা কৃষক দলের যুগ্ম আহ্বায়ক আরিফ হোসেন জোয়ার্দার সোনা, জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক মোমিন মালিতা, জেলা ওলামা দলের সদস্য সচিব মওলানা আনোয়ার হোসেন

চুয়াডাঙ্গায় বীর মুক্তিযোদ্ধা কলামিস্ট আ. শু. বাঙ্গালীর মৃত্যুবার্ষিকী পালন

বাংলাদেশ প্রগতি লেখক সংঘ, চুয়াডাঙ্গা জেলা শাখার সাবেক সভাপতি, বিশিষ্ট কলামিস্ট, লেখক, রাজনীতিবিদ, সংগঠক, বীরমুক্তিযোদ্ধা কমরেড আব্দুস শুকুর বাঙ্গালী (আ. শু. বাঙ্গালী)’র ৩য় মৃত্যুবার্ষিকী উপলক্ষে স্মরণসভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার সকাল সাড়ে ১০টায় প্রগতি লেখক সংঘের চুয়াডাঙ্গা জেলা শাখার আয়োজনে ওয়েভ ফাউন্ডেশনের চুয়াডাঙ্গাস্থ ট্রেনিং সেন্টারে এ স্মরণ সভা অনুষ্ঠিত হয়।

সংগঠনের চুয়াডাঙ্গা জেলা শাখার সভাপতি ও কেন্দ্রীয় কমিটির অন্যতম সদস্য কোরবান আলী মন্ডলের সভাপতিত্বে স্মরণসভায় আলোচনা করেন, অধ্যাপক আব্দুল মোহিত, আব্দুল মান্নান ফকির, মকবুল হোসেন, সোহরাব হোসেন, ইদ্রিস আলী মণ্ডল, সাহেদ জামাল ও কাজল মাহমুদ। স্বরচিত লেখা পাঠ করেন, চিত্তরঞ্জন সাহা চিতু, ইদ্রিস আলী মণ্ডল, মুরশীদ আলম, নুরুল আলম বাকু, হুমায়ুন কবীর ও শওকত আলী।

সমগ্র অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বাংলাদেশ প্রগতি লেখক সংঘের চুয়াডাঙ্গা জেলা শাখার সাধারণ সম্পাদক কাজল মাহমুদ।

চুয়াডাঙ্গা জেলার শেষ্ট এস আই নির্বাচিত খান আব্দুর রহমান

ভালো কাজের স্বীকৃতি স্বরুপ জেলার শ্রেষ্ট অফিসার নির্বাচিত হয়েছেন দর্শনা থানার এসআই খান আব্দুর রহমান। গত বৃহস্পতিবার দুপুরে চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার আব্দুলাহ্ আল মামুন মাসিক কল্যান সভায় জেলার শেষ্ট অফিসার হিসাবে নির্বাচিত করেন তাকে।

এ মাসিক কল্যান সভায় চুয়াডাঙ্গা জেলায় গুরুত্বপূর্ণ মামলার আসামি গ্রেফতার, মামলা নিষ্পত্তি, সাজাপ্রাপ্ত আসামি গ্রেফতার সহ সামগ্রিক মানদণ্ডে তাকে জেলার শ্রেষ্ঠ এসআই হিসেবে নির্বাচিত করে জেলা পুলিশ। ভালো কাজের জন্য শ্রেষ্ঠ অফিসার হিসাবে সন্মাননা ক্রেষ্ট, সার্টিফিকেট ও প্রাইজবন্ড তুলে দেন তার হাতে। এসময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা অতিরিক্ত পুলিশ সুপার রিয়াজুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিছুজ্জামান।

এছাড়াও উপস্থিত ছিলেন ডিআইও-১ আবু জিহাদ ফখরুল আলম খান। চুয়াডাঙ্গা জেলার সকল থানার অফিসার ইনচার্জ গণ।
এ ব্যাপারে এসআই খান আব্দুর রহমান জানান, চুয়াডাঙ্গা জেলার পুলিশের অভিভাবকের হাত থেকে শ্রেষ্ঠ এসআই এর পুরস্কার গ্রহণ সত্যি আনন্দের। দর্শনা থানার (ওসি) বিপ্লব কুমার সাহা, ও পরিদর্শক (তদন্ত) এস এম আমানউল্লা আমান স্যারের প্রতি আমি কৃতজ্ঞ। কারণ তাদের দিক নির্দেশনা না পেলে এ অর্জন সম্ভব ছিল না। এজন্য কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাই যারা অসামান্য অবদানে সামান্য ভূমিকা রেখেছেন।

তিনি জানান, পেশাগত পুরষ্কার প্রাপ্তির এ গৌরব শুধু তার নয়, এটি থানার প্রত্যেক পুলিশ সদস্যদের। এ পুরষ্কার প্রাপ্তি তার পেশাগত দক্ষতায় আরো উৎসাহ ও প্রেরণা যোগাবে। এদিকে তার এ পেশাগত সাফল্যে বিভিন্ন শ্রেণী পেশার মানুষ ব্যক্তিগত ও সামাজিক যোগাযোগ মাধ্যমে অভিনন্দন ও শুভেচ্ছা বার্তা জানিয়েছেন।

দামুড়হুদায় ইজিবাইক-মোটরসাইকেল মুখোমুখি সংঘর্ষে স্বামী নিহত, আহত স্ত্রী

দামুড়হুদায় মোটরসাইকেল-ইজিবাইকের মুখোমুখি সংঘর্ষে মোটরসাইকেল চালক হারুন উর রশিদ নামে এক ব্যক্তি নিহত হয়েছেন। এ সময় তার সঙ্গে থাকা স্ত্রী শামসুন্নাহার মিনা আহত হয়েছেন।

শুক্রবার বেলা সাড়ে ১১টার দিকে দামুড়হুদা ব্র্যাকমোড়ের অদূরে কবর স্থানের কাছে এ দুর্ঘটনা ঘটে। আহত শামসুন্নাহার মিনা চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। নিহত হারুন উর রশিদ দামুড়হুদা উপজেলার নাটুদা ইউনিয়নের ছাতিয়ানতলা গ্রামের স্কুলপাড়ার মৃত আঃ আজিজের ছেলে। তিনি চুয়াডাঙ্গা সদর উপজেলা সাব রেজিস্ট্রার অফিসের অফিস সহকারী হিসেবে কর্মরত ছিলেন।

ঘটনার প্রত্যক্ষদর্শী সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ হযরত আলী বলেন, মোটরসাইকেলটি চুয়াডাঙ্গামুখী এবং ইজিবাইকটি চুয়াডাঙ্গা থেকে দামুড়হুদার দিকে আসছিল। পথি মধ্যে দামুড়হুদা ব্র্যাকমোড় পার হয়ে কবর স্থানের কাছে পৌঁছালে মোটরসাইকেল-ইজিবাইকের মুখোমুখি সংঘর্ষ হয়। পরে স্থানীয়দের সহযোগিতায় মোটরসাইকেল চালক ও আরোহীকে (স্বামী-স্ত্রী) উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে ঘণ্টাখানেক পর চিকিৎসাধীন অবস্থায় হারুন উর রশিদের মৃত্যু হয়।

চুয়াডাঙ্গা সদর থানার এএসআই আশরাফ আলী বলেন, সড়ক দুর্ঘটনায় আহত স্বামী-স্ত্রীকে সদর হাসপাতালে ভর্তি করা হয়। ঘণ্টাখানেক পর চিকিৎসাধীন অবস্থায় স্বামী মারা যান। তার স্ত্রীর চিকিৎসা চলছে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted] A+ [redacted]

[redacted]

দামুড়হুদায় নাশকতার অভিযোগে বিএনপি-জামায়াতের ৭ নেতাকর্মী আটক

জামায়াতের নায়েবে আমির দেলোওয়ার হোসাইন সাঈদীর মৃত্যুকে কেন্দ্র করে নাশকতার আশঙ্কায় দামুড়হুদা উপজেলায় বিভিন্ন এলাকায় বিশেষ অভিযান চালিয়ে বিএনপি-জামায়াতের ৭ নেতাকর্মীকে আটক করেছে মডেল থানার পুলিশ।

গতকাল মঙ্গলবার রাত ২ টার দিকে দামুড়হুদার লোকনাথপুর ও জুড়ানপুর এলাকায় অভিযান চালিয়ে তাদেরকে আটক করা হয়।

আটকৃতরা হলেন- দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের লোকনাথপুর গ্রামের মৃত আকরাম আলীর ছেলে বিএনপি নেতা মোঃ আকবর আলী (৫৭), মৃত হামজার শেখের ছেলে বিএনপি নেতা মোঃ আমির হোসেন (৫৮),মৃত আনারুল ইসলামের ছেলে বিএনপি নেতা মহসীন আলী (৪০),মৃত হাবিবুর রহমানের ছেলে জামায়াত নেতা মোঃ মোস্তফা জামাল (৫০), মৃত কাতেব আলী বিশ্বাসের ছেলে জামায়াত নেতা মোঃ ফজলুল হক লেলিন (৬২),মোঃ আব্দুল মমিনের ছেলে জামায়াত নেতা মোঃ সজল হোসেন (২৮) ও জুড়ানপুর গ্রামের মৃত আব্দুল বারীর ছেলে জামায়াত নেতা মোঃ হাবিবুর রহমান (৩৫)।

দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আলমগীর কবীর বিষয়টি নিশ্চিত করে বলেন, জামায়াতের আমির সাঈদীর মৃত্যুর পর এলাকায় নাশকতা সৃষ্টির লক্ষ্যে সামাজিক যোগাযোগ মাধ্যমসহ বিভিন্ন জনসমাগমে বিভ্রান্তি মূলক তথ্য ছড়াচ্ছিল। এছাড়া দেলোয়ার হোসেন সাঈদীর গায়েবানা জানাযা ও নাশতার করার পরিকল্পনা করছিল। এমন গোপন সংবাদের ভিত্তিতে দামুড়হুদার বিভিন্ন স্থানে অভিযান পরিচালনা করা হয়। অভিযানে ৭ বিএনপি জামায়াত নেতাকর্মীকে আটক করে মডেল থানা পুলিশের চৌকস টিম। বিস্ফোরণ ও রাষ্ট্রদ্রোহিতার অভিযোগে আটকদের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে ও আসামিদেরকে আদালতে প্রেরণ করা হয়েছে।